

Visit of Foreign Secretary Shri Harsh Vardhan Shringla to Myanmar (December 22-23, 2021)

December 23, 2021

বিদেশ সচিব হর্ষবর্ধন শৃঙ্গলার মায়ানমার সফর (ডিসেম্বর 22- 23,2021)

ডিসেম্বর 23,2021

বিদেশ সচিব 22 থেকে 23 শে ডিসেম্বর 2021 মায়ানমারে কার্যকরি সফরে রয়েছেন। এই সফরে তিনি রাষ্ট্রীয় প্রশাসনিক পরিষদের সভাপতি এবং অন্যান্য উচ্চপদস্থ প্রতিনিধিদের সাথে সাক্ষাৎ করবেন। তিনি নাগরিক সমাজের প্রতিনিধি এবং ন্যাশনাল লীগ ফর ডেমোক্রেসি সহ অন্যান্য রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের সাথেও বৈঠক করবেন। এছাড়া তিনি মায়ানমারে কার্যরত রাষ্ট্রদূত এবং ইউএন এর প্রতিনিধিদের সাথেও সাক্ষাৎ করবেন।

2. সংশ্লিষ্ট সবার সাথে বৈঠকে বিদেশ সচিব যত শীঘ্র সম্ভব মায়ানমারে গণতন্ত্র ফিরে আসা, আটক ব্যক্তি এবং জেলবন্দীদের মুক্তি, আলোচনার মাধ্যমে সমস্যার সমাধান এবং হিংসা সম্পূর্ণ ভাবে বন্ধ করার উপর জোর দিয়েছেন। তিনি আসিয়ান (ASEAN) উদ্যোগের প্রতি ভারতের শক্তিশালী এবং ধারাবাহিক সমর্থনকে পুনরায় নিশ্চিত করেছেন। তিনি আশা প্রকাশ করেছেন, পাঁচ দফা ঐক্যমতের ভিত্তিতে বাস্তবোচিত এবং গঠনমূলক ভাবে অগ্রগতি সম্ভব হবে।

3. বিদেশ সচিব ভারতের সাথে মায়ানমারের দীর্ঘ সীমান্ত ভাগ করে নেওয়ার উপরে জোরারোপ করে বলেছেন যে মায়ানমারের জনগণকে ভারত ধারাবাহিক ভাবে মানবিক সহায়তা প্রদান করে আসছে। কোভিড-19 অতিমারির বিরুদ্ধে মায়ানমারের লড়াইকে সহায়তা প্রদানের উদ্দেশ্যে তিনি মায়ানমার রেডক্রস সোসাইটিকে ভারতে তৈরি দশ লাখ ডোজ ভ্যাকসিন হস্তান্তরিত করেন। এই ভ্যাকসিনের একটা অংশ ভারত-মায়ানমার সীমান্তে বসবাসকারী সম্প্রদায়ের টিকাকরণে ব্যবহৃত হবে। তিনি ১০০০০ টন চাল এবং গম অনুদান হিসাবে প্রদান করার কথাও ঘোষণা করেন।

4. ভারত-মায়ানমার সীমান্ত সংলগ্ন অঞ্চলগুলিতে চলতে থাকা প্রকল্পগুলি সহ জনগণ কেন্দ্রিক সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের প্রকল্পগুলিতে ভারতের ধারাবাহিক সহায়তা প্রদানের কথা বিদেশ সচিব ব্যক্ত করেন। তিনি চলতে থাকা যোগাযোগ- প্রকল্পগুলি যেমন কালাদান মাল্টিমোডাল ট্র্যাঞ্জিট ট্রান্সপোর্ট প্রকল্প এবং ত্রিপাঞ্চিক হাইওয়ে প্রকল্পের প্রতি ভারতের অঙ্গীকারের কথা প্রকাশ করেন। মায়ানমারের জনগণের উপকারের জন্য রাখাইন রাষ্ট্রীয় উন্নয়ন প্রোগ্রাম এবং সীমান্ত অঞ্চলের উন্নয়ন প্রোগ্রামের প্রতি ভারতের অঙ্গীকারের কথা তিনি পুনরায় প্রকাশ করেন।

5. দক্ষিণ মণিপুরের চুড়াচন্দ্রপুর জেলায় সম্প্রতি ঘটে যাওয়া ঘটনার আলোকে এই সফর ভারতের নিরাপত্তার বিষয় তুলে ধরার একটি সুযোগ করে দিয়েছে। যে কোন ধরনের হিংসা বন্ধ করার এবং সীমান্তবর্তী অঞ্চলে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখার প্রয়োজনের উপর বিদেশ সচিব জোর দিয়েছেন। দুই দেশই এক দেশের অঞ্চল অন্যদেশের বিরুদ্ধে ব্যবহার না করতে দেওয়ার বিষয়ে তাদের অঙ্গীকারের কথা পুনরায় ব্যক্ত করেছে।

6. ভারতের সাথে মায়ানমারের 1700 কিমি দীর্ঘ সীমান্ত রয়েছে। এই দেশের যে কোন ঘটনা ভারতের সীমান্তবর্তী অঞ্চলে প্রভাব ফেলে। মায়ানমারের শান্তি ও শৃঙ্খলা বজায় থাকা ভারতের কাছে খুবই গুরুত্বপূর্ণ, বিশেষ করে উত্তর-পূর্ব অঞ্চলের জন্য।

7. গণতান্ত্রিক দেশ এবং নিকট প্রতিবেশী হিসাবে ভারত মায়ানমারের গণতান্ত্রিক পরিবর্তনের লক্ষ্যে কাজ করে চলেছে এবং এই বিষয়ে মায়ানমারের গণতান্ত্রিক ব্যবস্থার দক্ষতা ও অনুশীলনের উন্নতিকল্পে বিভিন্ন অংশীদারদের সাথে কাজ করেছে। মায়ানমারের জনগণের ইচ্ছায় ভারত এই প্রচেষ্টাগুলি পুনরায় শুরু করার প্রস্তুত রেখেছে যাতে মায়ানমার একটি স্থিতিশীল গণতান্ত্রিক ও যুক্তরাষ্ট্র হিসাবে আত্মপ্রকাশ করতে পারে।

নিউদিল্লি
ডিসেম্বর 23, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.